

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

৩১ মে ২০২৩

সিটি মেয়র মো. রেজাউল করিম চৌধুরী জন্মদিন উপলক্ষে
কেক কাটেন ভারপ্রাণ মেয়র আফরোজা জহর

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র (প্রতিমন্ত্রী) বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী ৭১তম জন্মবার্ষিক উপলক্ষে কেক কাটেন ভারপ্রাণ মেয়র আফরোজা জহর।

বৃহস্পতিবার সকালে সিটি মেয়রের কক্ষে এক আড়ম্বর অনুষ্ঠানের মধ্যদিয়ে সিটি মেয়র মো. রেজাউল করিম চৌধুরীর জন্মদিন পালন করেন চিসিক কাউন্সিলর, কর্মকর্তা-কর্মচারীগণ। তাঁরা সিটি মেয়রের সুস্থিত্য ও দীর্ঘায় এবং সফলতা কামনা করেন। এই সময় উপস্থিত ছিলেন-ওয়ার্ড কাউন্সিলর ছালেহ আহমেদ, জহর লাল হাজারী, নুরুল আলম, পুলক খাতগীর, নূর মোস্তফা টিনু, সংরক্ষিত কাউন্সিলর রুমকী সেনগুপ্ত, চিসিক সচিব খালেদ মাহমুদ, প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা হুমায়ুন কবির চৌধুরী, নির্বাহী প্রকৌশলী মির্জা ফজলুল কাদের সহ কর্মকর্তা ও কর্মচারীগণ।

আগ্রাবাদ ও রামপুর ওয়ার্ডে পঁচাচত্ত্বাক কাজ পরিদর্শণ করেন

ভারপ্রাণ মেয়র আফরোজা জহর

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভারপ্রাণ মেয়র আফরোজা জহর আজ বৃহস্পতিবার সকালে নগরীর আগ্রাবাদ সিটি ও রামপুর এলাকায় সড়কের পঁচাচত্ত্বাক কাজ পরিদর্শণ করেন। পরিদর্শণকালে তিনি কাজের গুণগত মান বজায় রাখার জন্য সংশ্লিষ্ট প্রকৌশলীদের নির্দেশ দেন। সে সময় ভারপ্রাণ মেয়রের সাথে উপস্থিত ছিলেন কাউন্সিলর শেখ মো. জাফরুল হায়দার সবুজ চৌধুরী, প্রকৌশলী সেলিম রেজা, প্রকৌশলী তোহিদুল আলম, মোঃ ইকবাল হোসেন, মোস্তাফা জালাল, নজরুল ইসলাম, হুমায়ুন কবির, আবদুল মজিদ চান্দু, এতেশামুল হক নাহিদ, সাঈদ, কায়সার উদ্দিন, নিজাম, বিপ্লব, রনি সহ স্থানীয় জনসাধারণ

৫ লাখ শিশুকে কৃমির ট্যাবলেট খাওয়াবে চিসিক

৪ জুন থেকে ১০ জুন পর্যন্ত চট্টগ্রামের পাঁচ লক্ষ শিশুকে কৃমির ট্যাবলেট খাওয়াবে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের স্বাস্থ্য বিভাগ।
বুধবার চিসিক জেনারেল হাসপাতাল মিলনায়তনে এক এ্যাডভোকেসী সভায় এ তথ্য জানানো হয়।

সভায় চিসিকের প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ সেলিম আকতার চৌধুরী বলেন, ৪ থেকে ১০ জুন নগরীর ৪১টি ওয়ার্ডে ৫ লক্ষ ছাত্র ছাত্রী এবং স্কুল বর্হিভুত শিশুদেরকে কৃমি নাশক ট্যাবলেট খাওয়ানো হবে। কৃমি নাশক ট্যাবলেট না খাওয়ালে ৫-১৬ বছরের বয়সী শিশুরা অপুষ্টিতে এবং শারীরিক ও মানসিক রোগে ভোগে। তাই বছরে দুইবার কৃমি ঔষধ সেবন কার্যক্রম পরিচালিত হয়। তিনি বরাবরের ন্যায় উক্ত জাতীয় কৃমি নাশক

ক্যাম্পেইন সফলভাবে বাস্তবায়নে সকল জোনাল মেডিকেল অফিসারগণকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার অনুরোধ জানান।
সভায় চিসিকের স্বাস্থ্য স্ট্যান্ডিং কমিটির সদস্য কাউন্সিলর আব্দুস সালাম মাসুম বলেন, চট্টগ্রামের স্বাস্থ্যসেবাখাতে গুরুত্বপূর্ণ অবদান রাখছে চিসিক। শিশুদের স্বাস্থ্য রক্ষায় এই টিকাদান কার্যক্রমকে সফল করতে হবে। বিশেষ করে এবার প্রচণ্ড গরমে কৃমি প্রদানের সময়সূচী পড়ায় কোন অভিভাবক যাতে সত্তানকে কৃমির ঔষধ খাওয়ান সে ব্যাপারে প্রয়োজনে কাউন্সিলিং করতে হবে।

সভায় উপস্থিত ছিলেন চিসিকের স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ মোহাম্মদ ইমাম হোসেন রানা, জোনাল মেডিকেল অফিসার ডাঃ মোঃ রফিকুল ইসলাম, ডাঃ সুমন তালুকদার, ডাঃ আকিল মাহমুদ নাফে, ডাঃ জুয়েল মহাজন, ইনচার্জ ডাঃ মোঃ রাশেদুল ইসলাম, ডাঃ রিয়াজ আহমেদ, ডাঃ দীপা ত্রিপুরা, ডাঃ ইফফাত জাহান। মূল কর্মসূচী সম্পর্কে তথ্য উপস্থাপন করেন জোনাল মেডিকেল অফিসার ডাঃ তপন কুমার চক্রবর্তী। সভা পরিচালনা করেন ড্যাক্সিনেশন ইনচার্জ মোঃ আবু ছালেহ।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমেদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৮৮৮